

First Meeting of the National Coordination Committees of India and Uzbekistan on implementation of joint projects

August 24, 2020

যৌথ প্রকল্প বাস্তবায়নে ভারত এবং উজবেকিস্তানের জাতীয় সমন্বয় সমিতির প্রথম বৈঠক

অগাস্ট 24,2020

24 শে অগাস্ট 2020 তারিখে, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং উজবেকিস্তানের রাষ্ট্রপতি শ্রী শাভাকাত মিরিজিয়োয়েভ এর নির্দেশে গঠিত ভারত এবং উজবেকিস্তানের পারস্পরিক সহমতের প্রকল্পগুলির বাস্তবায়নের কাজের দেখভালের জন্য জাতীয় সমন্বয় সমিতির প্রথম বৈঠক, বিদেশ প্রতিমন্ত্রী শ্রী ভি. মুরলীধরন এবং উজবেকিস্তানের উপ প্রধানমন্ত্রী ও বিনিয়োগ এবং বিদেশ বাণিজ্যের মন্ত্রী শ্রী সারদর উমুরজাকভের যুগ্ম অধ্যক্ষতায় অনুষ্ঠিত হয়েছে।

উভয় পক্ষ, একটি দ্বিপাক্ষিক বিনিয়োগ সন্ধি নিষ্পন্ন করার জন্য চুক্তির অবস্থা, অগ্রাধিকারের ভিত্তিতে বাণিজ্য চুক্তি, উভয় দেশের কৃষিজ পণ্যের পারস্পরিকভাবে বাজারজাত করণ, ভারতের লাইসেন্স অব ক্রেডিটের অধীনে চিহ্নিত প্রকল্পগুলির বাস্তবায়ন, গুজরাট রাজ্য এবং উজবেকিস্তানের আন্দিজান অঞ্চলের মধ্যে সহযোগিতা ও তাসখেস্তে ভারত-উজবেকিস্তান উদ্যোগ বিকাশ কেন্দ্র সহ চালু থাকা প্রকল্পগুলি এবং পরিকল্পিত দ্বিপাক্ষিক অর্থনৈতিক এবং বাণিজ্যিক ক্রিয়াকর্মগুলির বিস্তারিত ভাবে পর্যালোচনা করেছে।

বিভিন্ন প্রকল্পের অগ্রগতির জন্য যুগ্ম-অধ্যক্ষদ্বয় তাদের সন্তোষ প্রকাশ করেছেন এবং তারা আশা প্রকাশ করেছেন যে, প্রকল্পগুলির দ্রুত নিষ্পত্তি দ্বিপাক্ষিক বাণিজ্য এবং বিনিয়োগকে আরও শক্তিশালী করে তুলবে। উভয়ের সুবিধাজনক দিনক্ষণ অনুযায়ী প্রতিমন্ত্রী ভি.মুরলীধরন উজবেকিস্তানের উপ প্রধানমন্ত্রীকে ভারত সফরের জন্য আমন্ত্রণ জানিয়েছেন।

নিউ দিল্লি

অগাস্ট 24, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.